মেহেরপুরে ব্র্যাকের উদ্যোগে হাঁসের বাচ্চা ও ভার্মি কম্পোস্ট উৎপাদন উপকরণ বিতরণ

পারিবারিক পুষ্টির চাহিদা পূরণ এবং অর্থনৈতিক সচ্ছলতা বৃদ্ধির লক্ষ্যে মেহেরপুর সদর ও মুজিবনগর উপজেলার পিছিয়ে পড়া নারী- পুরুষদের মাঝে প্রশিক্ষণ শেষে বিনামূল্যে হাঁসের বাচ্চা বিতরণ করেছে ব্র্যাকের মাইক্রোফাইন্যান্স (দাবি) কর্মসূচি।

মঙ্গলবার সকাল ১০টায় সদরের ব্র্যাক এরিয়া অফিসে এ উপলক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা ভেটেরিনারি সার্জন ও উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (ভারপ্রাপ্ত) ডা. মো. নাজমুল হাসান শাওন।

তিনি অংশগ্রহণকারীদের হাঁস পালন পদ্ধতি, টিকা প্রদানের সময়সূচি এবং এ খাতের ভবিষ্যৎ সম্ভাবনা নিয়ে বিস্তারিত প্রশিক্ষণ প্রদান করেন। পাশাপাশি এ ধরনের জনকল্যাণমূলক উদ্যোগ গ্রহণের জন্য ব্র্যাককে ধন্যবাদ জানান।

অনুষ্ঠানে ব্র্যাকের ডিস্ট্রিক্ট কো-অর্ডিনেটর শেখ মনিরুল হুদা, আঞ্চলিক ব্যবস্থাপক (দাবি) জি. এম. নাজমুল হুসাইন, এলাকা ব্যবস্থাপক (মেহেরপুর সদর) নুরুন্নাহার পান্না, এলাকা ব্যবস্থাপক (মুজিবনগর) মো. জসিম উদ্দিন, আরসি (লিড) মোহাম্মদ নুরুজ্জামান, সম্প্রসারণ কর্মকর্তা মো. মোসাব্বির হোসেন এবং শাখা ব্যবস্থাপক মো. মাহমুদুল হাসানসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

প্রশিক্ষণ শেষে ৩৫ জন অংশগ্রহণকারীর প্রত্যেককে ২০টি করে মোট ৭০০টি খাকি ক্যাম্পবেল জাতের হাঁসের বাচ্চা বিনামূল্যে বিতরণ করা হয়। হাঁসের বাচ্চা পেয়ে উপকারভোগীরা উচ্ছ্বাস প্রকাশ করেন এবং ব্র্যাকের এ উদ্যোগের প্রশংসা করেন।

এছাড়া একই দিনে মেহেরপুর সদর উপজেলার তিনজন এবং মুজিবনগর উপজেলার দুইজন কৃষকের মাঝে ভার্মি কম্পোস্ট (কেঁচো সার) উৎপাদনের জন্য প্রয়োজনীয় উপকরণ বিনামূল্যে বিতরণ করা হয়। উপকরণ বিতরণের পাশাপাশি তাদেরকে ভার্মি কম্পোস্ট উৎপাদন সংক্রান্ত

প্রশিক্ষণ ও পরামর্শও প্রদান করা হয়।

ব্র্যাকের পক্ষ থেকে জানানো হয়, কৃষি উৎপাদন বৃদ্ধি, জমির উর্বরতা ও গুণগত মান বজায় রাখা এবং কৃষকদের আর্থিক স্বাবলম্বিতা নিশ্চিত করার লক্ষ্যে এ সহায়তা কার্যক্রম পরিচালনা করা হয়েছে।